

জীবন বৃত্তান্ত



জনাব মোহাম্মদ নাজমুল হাসান ১৯৮৬ সালে ঝালকাঠি জেলায় জন্ম গ্রহণ করেন। তাঁর পিতার নাম মোহাম্মদ আবদুল মালেক ও মাতার নাম সালমা আক্তার। তিনি বিদ্যুৎ উন্নয়ন বোর্ড মাধ্যমিক বিদ্যালয়, কাপ্তাই হতে এস.এস.সি. এবং বাংলাদেশ সুইডেন পলিটেকনিক ইন্সটিটিউট (বিএসপিআই), কাপ্তাই হতে ডিপ্লোমা ইন কম্পিউটার ইঞ্জিনিয়ারিং সম্পন্ন করে ড্যাফোডিল আন্তর্জাতিক বিশ্ববিদ্যালয়, ঢাকা হতে কম্পিউটার সায়েন্স ও ইঞ্জিনিয়ারিং (সিএসই) বিষয়ে বি.এস.সি. ও এম.এস.সি. ডিগ্রী অর্জন করেন। এরপর তিনি বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট), ঢাকা থেকে ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি (আইসিটি) বিষয়ে পোস্ট গ্রাজুয়েশন ডিগ্রী অর্জন করেন। স্বীকৃত জার্নালে "Prospects of e-Tourism Ecosystem in Bangladesh: Services and Infrastructure" শিরোনামে তার একটি প্রকাশনা রয়েছে।

তিনি সহকারী প্রোগ্রামার হিসেবে ৯ ফেব্রুয়ারি ২০১১ তারিখে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলে (বিসিসি) যোগদানের মাধ্যমে সরকারি চাকুরি জীবন শুরু করেন। বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি)-এর আওতায় ঝালকাঠি সরকারি কলেজ, ঝালকাঠি এবং পরবর্তীতে নরসিংদী সরকারি কলেজ, নরসিংদীতে কর্মরত ছিলেন। এরপর বিগত ১৭ অক্টোবর ২০১২ তারিখে সহকারী প্রোগ্রামার হিসেবে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ে যোগদান করেন। বর্তমানে ১৬ নভেম্বর ২০১৭ তারিখ হতে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ে প্রোগ্রামার (চ.দা.) হিসেবে কর্মরত আছেন।

শিক্ষা ও চাকুরি জীবনে তিনি দেশে ও বিদেশে সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানে Computer Engineering Program, Hardware Maintenance and Troubleshooting, Website Development and Deployment, Web Portal Management, Information Security-Business Continuity and Service Management, e-File Management System, Integrated Budget and Accounting System, Annual Performance Agreement, National Integrity Strategy, Grievance Redress System, Right to Information, Citizens Charter, Innovation, e-Haj Management ইত্যাদি বিষয়ে প্রশিক্ষণ গ্রহণ করেছেন।

তিনি সরকারি দায়িত্ব পালনের অংশ হিসেবে এবং ব্যক্তিগত প্রয়োজনে সৌদি আরব, ইরান, ভারত ভ্রমণ করেছেন। ব্যক্তি জীবনে তিনি বিবাহিত এবং এক কন্যা সন্তানের জনক।